ঝিনাইদহ প্রেসক্লাবের দ্বি-বার্ষিক নির্বাচন সম্পন্ন

ঝিনাইদহ:: ঝিনাইদহ প্রেসক্লাবের দ্বি-বার্ষিক নির্বাচন সম্পন্ন হয়েছে। নির্বাচনে সভাপতি পদে বাংলা ভিশন টেলিভিশনের জেলা প্রতিনিধি আসিফ ইকবাল মাখন ও মানবজমিন পত্রিকার জেলা প্রতিনিধি আমিনুল ইসলাম লিটন সাধারণ সম্পাদক পদে নির্বাচিত হয়েছেন। শনিবার (১৩ ডিসেম্বর) ঝিনাইদহ প্রেসক্লাবে এ নির্বাচন অনুষ্ঠিত হয়। শনিবার সকাল ১০টা থেকে নির্বাচনের ভোটগ্রহণ শুরু হয়। উৎসবমুখর পরিবেশে বেলা ২টা পর্যন্ত ভোটগ্রহণ চলে। ভোট গ্রহণ শেষে জেলা প্রশাসক আব্দুল্লাহ আল মাসউদ ব্যালট বক্স উন্মোচন করেন। এসময় উপস্থিত ছিলেন স্থানীয় সরকার বিভাগের উপপরিচালক রথীন্দ্র নাথ রায়।
এতে প্রধান নির্বাচন কমিশনার হিসেবে দায়িত্ব পালন করেন অ্যাডভোকেট সুভাষ বিশ্বাস মিলন। এ ছাড়া নির্বাচন কমিশনার হিসেবে দায়িত্ব পালন করেন অ্যাডভোকেট বদিউজ্জামাল বদি ও অ্যাডভোকেট আব্দুল আলিম।
নির্বাচনে সহ সভাপতি পদে এশিয়ান টিভি ও দেশ রুপান্তর এবং বাংলানিউজ টোয়েন্টিফোর এর জেলা প্রতিনিধি এম রবিউল ইসলাম রবি, যুগ্ম সাধারণ সম্পাদক পদে চ্যানেল টোয়েন্টিফোর এর স্টাফ রিপোর্টার সাদ্দাম হোসেন, দপ্তর সম্পাদক পদে একাত্তর টিভির জেলা প্রতিনিধি রাজিব হাসান, তথ্য ও প্রচার সম্পাদক পদে সোনালী খবর ও দৈনিক যশোর পত্রিকার জেলা প্রতিনিধি কামরুজ্জামান লিটন, ক্রিড়া সম্পাদক পদে আমাদের সময় ও ডেইলি ইভিনিং নিউজ পত্রিকার জেলা প্রতিনিধি খাইরুল ইসলাম নিরব, তথ্য প্রযুক্তি সম্পাদক পদে সময় টিভির স্টাফ রিপোর্টার মো. সোহাগ আলী নির্বাচিত হয়েছেন। এছাড়া নির্বাহী সদস্য পদে নির্বাচিত হয়েছেন এটিএন বাংলার জেলা প্রতিনিধি নিজাম জোয়ার্দার বাবলু, কালের কণ্ঠ পত্রিকার জেলা প্রতিনিধি এম সাইফুল মাবুদ, প্রথম আলো পত্রিকার জেলা প্রতিনিধি আজাদ রহমান, একুশে টিভি ও জনকন্ঠ পত্রিকার জেলা প্রতিনিধি এম রায়হান, ভোরের ডাক পত্রিকার জেলা প্রতিনিধি আব্দুল হাই, বৈশাখী টিভির জেলা প্রতিনিধি রফিকুল ইসলাম মন্টু, ও সাপ্তাহিক দুরন্ত প্রকাশ পত্রিকার সম্পাদক মিরাজ জামান রাজ বিনা প্রতিদ্বন্দীতায় নির্বাচিত হয়েছেন।